# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৮০৯

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি তার প্রতিপালককে মনে মনে স্মরণ করে, মহান আল্লাহ তাঁর রাজত্বে তাকে ক্ষমার মাধ্যমে স্মরণ করেন

## ذكر الإخبار بأن ذِكْرَ الْعَبْدِ [رَبَّهُ] جَلَّ وَعَلَا فِي نَفْسِهِ يَذْكُرُهُ اللَّهُ عَزَّ وَجَلَّ بِهِ بِالْمَغْفِرَةِ فِي ملكوته

---

আরবী

809 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عُمَرَ بْنِ يُوسُفَ قَالَ: حَدَّثَنَا بِشْرُ بْنُ خَالِدٍ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ عَنْ شُعْبَةَ عَنْ سُلَيْمَانَ قَالَ: سَمِعْتُ ذَكْوَانَ يُحَدِّثُ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عليه وسلم قال: (قال اللَّهُ جَلَّ وَعَلَا: عَبْدِي عِنْدَ ظَنِّه بِي وَأَنَا مَعَهُ إِذَا دَعَانِي إِنْ ذَكَرَنِي فِي نَفْسِهِ ذَكَرْتُهُ فِي نَفْسِي وَإِنْ ذَكَرَنِي فِي مَلَأٍ ذَكَرْتُهُ فِي مَلَأٍ خَيْرٌ مِنْهُ وَأَطْيَبُ)
قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: قَوْلُهُ جَلَّ وَعَلَا (إِنْ ذَكَرَنِي فِي نَفْسِهِ ذَكَرْتُهُ فِي نَفْسِي) يُرِيدُ بِهِ: إِنْ ذَكَرَنِي فِي نَفْسِهِ بِالدَّوَامِ عَلَى الْمَعْرِفَةِ الَّتِي وَهَبْتُهَا لَهُ وَجَعَلْتُهُ أَهْلًا لَهَا ذَكَرْتُهُ فِي نَفْسِي يُرِيدُ بِهِ: فِي مَلَكُوتِي بِقَبُولِ تِلْكَ الْمَعْرِفَةِ مِنْهُ مَعَ غُفْرَانِ مَا تقدَّمه مِنَ الذُّنُوبِ ثُمَّ قَالَ: (وَإِنْ ذَكَرَنِي فِي مَلَأٍ) يُرِيدُ بِهِ: وَإِنْ ذَكَرَنِي بِلِسَانِهِ يُرِيدُ بِهِ الْإِقْرَارَ الَّذِي هُوَ عَلَامَةُ تِلْكَ الْمَعْرِفَةِ فِي مَلَأٍ مِنَ النَّاسِ لِيَعْلَمُوا إِسْلَامَهُ ذَكَرْتُهُ فِي مَلَأٍ خَيْرٍ مِنْهُ يُرِيدُ بِهِ: ذَكَرْتُهُ فِي مَلَأٍ خَيْرٍ مِنْهُ مِنَ النَّبِيِّينَ وَالصِّدِّيقِينَ وَالشُّهَدَاءِ وَالصَّالِحِينَ فِي الْجَنَّةِ بِمَا أَتَى مِنَ الْإِحْسَانِ فِي الدُّنْيَا الَّذِي هُوَ الْإِيمَانُ إِلَى أَنِ اسْتَوْجَبَ بِهِ التمكن من الجنان
الراوي : أَبُو هُرَيْرَةَ المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 809 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৮০৯. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, মহান আল্লাহ বলেছেন, “আমার প্রতি বান্দার ধারণা মাফিক আমি আচরণ করে থাকি। আর তার সাথেই থাকি, যখন সে আমাকে ডাকে। যদি সে আমাকে মনে মনে স্মরণ করে, তবে আমিও তাকে মনে মনে স্মরণ করি, যদি সে আমাকে একদল মানুষের মাঝে স্মরণ করে, তবে আমিও তাকে একদল (ফেরেস্তাদের মাঝে) স্মরণ করবো, যারা তাদের চেয়ে উত্তম ও পবিত্র। ”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “আল্লাহর বাণী “যদি সে আমাকে মনে মনে স্মরণ করে, তবে আমিও  তাকে মনে মনে স্মরণ করি” এর দ্বারা উদ্দেশ্য হলো, “আমি তাকে যে মা‘রেফাত দান করেছি এবং আমি তাকে তার অধিকারী বানিয়েছি, যদি বান্দা তদনুযায়ী মনে মনে আমাকে স্মরণ করেন, তবে আমিও তাকে মনে মনে স্মরণ করি।” এর দ্বারা উদ্দেশ্য হলো “তার সে মা‘রেফাত কবূল করে এবং সে যা পাপ করেছে, তা ক্ষমা করার মাধ্যমে আমার রাজত্বে আমি তাকে স্মরণ করি।” এরপর আল্লাহ বলেছেন, “যদি সে আমাকে একদল মানুষের  মাঝে স্মরণ করে” এর দ্বারা উদ্দেশ্য হলো “আর যদি সে আমাকে তার জবান দিয়ে স্মরণ করে অর্থাৎ স্বীকৃতির মাধ্যমে যা মা‘রেফাত এর আলামত, এর মাধ্যমে যদি সে একদল মানুষের মাঝে স্মরণ করে, যাতে মানুষ তার ইসলাম গ্রহণের বিষয়টি জানতে পারে, তবে তবে আমিও তাকে এমন জমায়েতে স্মরণ করবো, যারা তাদের চেয়ে উত্তম “এর দ্বারা উদ্দেশ্য হলো জান্নাতে নাবী, সিদ্দীক, শহীদ ও সৎকর্মশীল বান্দাগণ; কারণ মহান আল্লাহ তাঁদেরকে দুনিয়াতে যে ঈমান দিয়ে ইহসান করেছেন, তার বদৌলতে জান্নাত লাভ তাঁদের জন্য অবধারিত হয়ে গেছে।”

## ফুটনোট

[1] সহীহ মুসলিম: ২৬৭৫; মুসনাদ আহমাদ: ২/৪৮০; সহীহ আল বুখারী: ৭৪০৫; তিরমিযী: ৩৬০৩; ইবনু মাজাহ: ৩৮২২; বাগাবী, শারহুস সুন্নাহ: ১২৫১।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ২৯৪২।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89312

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন